DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ￼ তৈরি: 13 Sep 2026, 03:13 PM

আইন-আদালত

# সাতক্ষীরায় আট মাস বিচারকহীন নারী ও শিশু ট্রাইব্যুনাল, স্থবির বিচারকাজ

প্রতিবেদক: সাতক্ষীরা প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৮:২২ PM




টানা আট মাস ধরে বিচারক না থাকায় সাতক্ষীরার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচার কার্যক্রম কার্যত স্থবির হয়ে পড়েছে। এতে স্পর্শকাতর ও জরুরি মামলার বিচার বিলম্বিত হওয়ায় চরম ভোগান্তিতে পড়েছেন ভুক্তভোগী ও বিচারপ্রার্থীরা।

এদিকে জেলা জজশিপের আরও কয়েকটি আদালতে বিচারকের পদ শূন্য থাকায় সাতক্ষীরাজুড়ে মামলাজট ও বিচারিক স্থবিরতা তৈরি হয়েছে। বিচারক নিয়োগের দাবিতে রোববার (৩০ আগস্ট) সকাল ১০টায় সাতক্ষীরা জেলা আইনজীবী সমিতি ভবনের সামনে মানববন্ধন করেছেন আইনজীবী, মানবাধিকারকর্মী ও সুশীল সমাজের প্রতিনিধিরা।

ডিস্ট্রিক্ট হিউম্যান রাইটস ডিফেন্ডার নেটওয়ার্ক, সাতক্ষীরার উদ্যোগে এবং মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশনের (এমএসএফ) সহযোগিতায় এ কর্মসূচির আয়োজন করা হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের মতো একটি গুরুত্বপূর্ণ আদালতে দীর্ঘদিন বিচারক না থাকা কোনোভাবেই কাম্য নয়। এর ফলে মামলার বিচার বিলম্বিত হচ্ছে, সাক্ষীদের অনুপস্থিতি বাড়ছে এবং অপরাধীদের পার পেয়ে যাওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে। এতে সাধারণ মানুষের ন্যায়বিচার পাওয়ার অধিকার ক্ষুণ্ন হচ্ছে।

বক্তারা আরও বলেন, অনেক ভুক্তভোগী ও বিচারপ্রার্থী নিয়মিত আদালতে এসে শুধু পরবর্তী তারিখ নিয়ে ফিরে যাচ্ছেন। দীর্ঘসূত্রতার কারণে তাঁদের আর্থিক ও মানসিক ভোগান্তিও বাড়ছে।

মানববন্ধনে সংগঠনের যুগ্ম আহ্বায়ক মাধব দত্তের সভাপতিত্বে বক্তব্য দেন নেটওয়ার্কের আহ্বায়ক অ্যাডভোকেট আবুল কালাম আজাদ, জেলা নাগরিক কমিটির সভাপতি অ্যাডভোকেট আজাদ হোসেন বেলাল, ডেইলি স্টারের সাতক্ষীরা প্রতিনিধি কল্যাণ ব্যানার্জি, দুর্নীতি দমন কমিশনের (দুদক) পিপি মোস্তফা আসাদুজ্জামান দিলু, সাতক্ষীরা জজ কোর্টের অ্যাডভোকেট সৌরভ হোসেন ও নেটওয়ার্কের সদস্য সাবিনা ইয়াসমিন লিমাসহ অনেকে।

বক্তারা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালসহ সাতক্ষীরার শূন্য বিচারক পদগুলোতে অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত বিচারক নিয়োগের জন্য আইন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

নেটওয়ার্কের সদস্যসচিব অ্যাডভোকেট মনিরুদ্দিনের সঞ্চালনায় অনুষ্ঠিত মানববন্ধনে জেলা আইনজীবী সমিতি ও বিভিন্ন মানবাধিকার সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

---


## এ বিভাগের আরও খবর



**আ. লীগের কার্যক্রম নিষিদ্ধের প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জের রিট খারিজ**

আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জ করে দায়ের করা রিট উত্থাপিত হয়নি মর্মে খারিজ করে দিয়েছেন হাইকোর্ট।রোববার (১৩ সেপ...



**ড. ইউনূসের গ্রামীণ কল্যাণকে ৬৬৬ কোটি টাকা কর দিতে হবে: হাইকোর্ট**

ড. মুহাম্মদ ইউনূসের মালিকানাধীন গ্রামীণ কল্যাণকে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) দাবি করা ৬৬৬ কোটি টাকা কর পরিশোধ করতে হবে বলে রায় দিয়েছেন হাই...



### হাসিনাসহ মৃত্যুদণ্ডপ্রাপ্তদের আপিলের সময় শেষ: চিফ প্রসিকিউটর

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম বলেছেন, শেখ হাসিনাসহ মৃত্যুদণ্ডপ্রাপ্ত যেসব আসামি রায়ের ৩০ দিনের মধ্যে আপিল...



### ইসলামী ব্যাংকে এস আলমের ৮১.৯২ শতাংশ শেয়ার ফ্রিজের নির্দেশ হাইকোর্টের

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসিতে এস আলম গ্রুপ-সংশ্লিষ্ট ৮১ দশমিক ৯২ শতাংশ শেয়ার ফ্রিজ বা অবরুদ্ধ রাখার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।ইসলামী ইকোনমি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/law-court/satkshiray-at-mas-bicharkhin-nari-o-shishu-traibjunal-sthbir-bicharkaj